

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।  
[কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০২.২০২২/ ৩৪৩

তারিখ: ১৩ অক্টোবর, ২০২২ খ্রিঃ

বিষয়ঃ Printed Aluminium Foil / Sachet Foil সঠিক এইচ. এস. কোড নির্ধারণ প্রসংগে

সূত্রঃ বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি হতে ২২ সেপ্টেম্বর, ২০২২ তারিখ প্রাপ্ত পত্র

০১। উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হল। সূত্রোক্ত পত্রের মাধ্যমে জানা যায়, বিভিন্ন ঔষধ শিল্প প্রতিষ্ঠান কর্তৃক দীর্ঘদিন যাবত Printed Aluminium Foil / Sachet Foil নামক পণ্যটি আমদানী করা হচ্ছে যা এযাবতকাল 76.01 হেডিং এর আওতায় শুল্কায়িত হয়েছে। সম্প্রতি কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক গঠিত এসেসমেন্ট কমিটি পণ্যটি H.S. Code 4911.10.00 এর অধীনে শ্রেণিবিন্যাস যোগ্য মর্মে সিদ্ধান্ত প্রদান করেছেন। আমদানিকারকগণ এ সিদ্ধান্তের সাথে দ্বিমত পোষণ করায় পণ্য চালানটি শুল্কায়নের ক্ষেত্রে জটিলতার উদ্ভব হয়েছে এবং ফলস্বরূপ বর্তমানে চট্টগ্রাম বন্দরে সমজাতীয় পণ্যবাহী উল্লেখযোগ্য সংখ্যক চালান খালাসের অপেক্ষায় আছে বলে জানা যায়।

০২। উদ্ধৃত অচলাবস্থা নিরসনকল্পে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক উভয় হেডিং (তথা 76.07 এবং 49.11) -এ কোন ধরনের পণ্য শ্রেণিবিন্যাসযোগ্য সে বিষয়ে পর্যালোচনা করা হয়েছে। WCO এর এক্সপ্লানেটরি নোটস -এর Chapter 76 এর পৃষ্ঠা XV-7607-1তে বর্ণিত 76.07 এবং 49.11 এ শ্রেণিবিন্যাসযোগ্য পণ্যের একটি গুরুত্বপূর্ণ পার্থক্যসূচক বৈশিষ্ট্য পাওয়া যায় যা বর্ণনা অনুসারে – the heading (i.e. 76.07) does not cover – “Printed aluminium foil labels being identifiable individual articles by virtue of the printing (heading 49.11)”

অর্থাৎ কোন এলুমিনিয়াম ফয়েল লেবেলকে মুদ্রণজনিত কারণে যদি স্বতন্ত্র বস্তু হিসেবে চিহ্নিত করা যায় তবে উক্ত ফয়েলটি হেডিং 49.11 এর অধীনে শ্রেণিবিন্যাসিত হবে। একই পৃষ্ঠায় Aluminium foil এর সাধারণ ব্যবহারসমূহ উল্লেখিত আছে। কোন Aluminium foil যদি মুদ্রণজনিত কারণে এ সাধারণ ব্যবহারের অধিক অন্য কোন ব্যবহারের জন্য উপযোগি হয়/উপযোগিতা বহন করে তবে তাকে স্বতন্ত্র বস্তু হিসেবে চিহ্নিত করা যায়।

আবার, Chapter 49 এর General Explanatory Notes এর General অংশের প্রথম প্যারাতে বলা হয়েছে-  
“With the few exceptions referred to below, this chapter covers all printed matter of which the essential nature and use is determined by the fact of its being printed with motifs, characters or pictorial representations”


অর্থাৎ হেডিং 76.07 এ বর্ণিত স্বতন্ত্র বস্তুটির বাড়তি উপযোগিতা আনয়নকারী মুদ্রণটি কোন motifs, characters or pictorial representations দ্বারা নির্দেশিত হবে।

০৩। স্বাভাবিকভাবে ঔষধশিল্পে ব্যবহারের জন্য আমদানিকৃত এলুমিনিয়াম ফয়েলে ঔষধের Brand Name ও Generic Name, উপাদান, কোম্পানি লোগো এবং ঔষধের সঠিক ব্যবহারের লক্ষ্যে ও অপব্যবহার রোধকল্পে উক্ত ঔষধের ব্যবহার বিধি সংক্রান্ত কিছু নির্দেশনা মুদ্রিত থাকতে পারে। এরূপ মুদ্রণ সাধারণভাবে ক্রেতা আকর্ষণের জন্য উপস্থাপিত হয় না বরং ঔষধ প্রশাসন অধিদপ্তরের নির্ধারিত বাধ্যবাধকতা প্রতিপালনের জন্য করা হয়। যদি আমদানিকৃত কোন Printed

৩

Aluminium Foil / Sachet Foil এ নির্ধারিত এরূপ বাধ্যবাধকতার অধিক কিছু মুদ্রিত থাকে যা সার্বিক বিচারে ক্রেতা আকর্ষণের উদ্দেশ্যে উপস্থাপিত হয়েছে এরূপ প্রতিয়মান হয় তবে উক্ত পণ্যটিকে হেডিং 49.11 এর অধীনে শ্রেণীবিন্যাস করা যেতে পারে। অন্যথায় উক্তরূপ বৈশিষ্ট্য ব্যতীত সমজাতীয় পণ্যসমূহ 76.07 এ শ্রেণিবিন্যাস যোগ্য।

- ০৪। অনুচ্ছেদ ০২ এবং ০৩-এর পর্যালোচনার আলোকে পণ্যের নমুনা নিরীক্ষণপূর্বক সংশ্লিষ্ট আইন, বিধি, বিসিটি, এস আর ও এবং এক্সপ্লানেটরি নোটস-এর ব্যাখ্যার আলোকে উদ্ধৃত এইচ এস কোড সংক্রান্ত জটিলতা নিরসনে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
(মুকিতুল হাসান) ১৬/১১/২২  
দ্বিতীয় সচিব

[কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং]  
ই-মেইল: nbrclassification@gmail.com

প্রাপক:  
কমিশনার অব কাস্টমস  
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-০৮,০১.০০০০.০৫৪.১১.০০২.২০২২/

তারিখ: ১৩ অক্টোবর, ২০২২ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-৫। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/বেনাপোল/আইসিডি/মোংলা/পানগাঁও।

(মুকিতুল হাসান)  
দ্বিতীয় সচিব  
[কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং]  
ই-মেইল: nbrclassification@gmail.com